



পাওয়ার টিলার

পাওয়ার টিলার পরিচিতি

পাওয়ার টিলার একটি তিন চাকার রোটোরী কলের লাঙ্গল। চীন থেকে আমদানীকৃত বাংলাদেশে এটি বহুল ব্যবহৃত চাষ যন্ত্র। এতে ১৬৩১৮টি ঘূর্ণায়মান ফলা থাকে। পাওয়ার টিলার সাধারণত ১২-১৫ অশ্বশক্তিসম্পন্ন ডিজেল ইঞ্জিনে চলে।

পাওয়ার টিলার ব্যবহারের প্রয়োজনীয়তা

দেশী লাঙ্গলের তুলনায় পাওয়ার টিলারে অল্প সময় ও কম খরচে অধিক জমি চাষ করা যায়। মালামাল পরিবহন কাজেও ব্যবহার করা যায়।

প্রধান বৈশিষ্ট্যসমূহ:

- ▶ চালিকা শক্তি : ১২-১৬ অশ্বশক্তিসম্পন্ন ডিজেল ইঞ্জিন
- ▶ কার্য ক্ষমতা : প্রতি ঘণ্টায় ১ বিঘা
- ▶ জ্বালানি খরচ : প্রতি ঘণ্টায় ১.২ লিটার
- ▶ মূল্য : ১২০,০০০ ও ১৪০,০০০ টাকা
- ▶ কার্যকরী জীবন কাল : ৮ বছর

চালু করার পূর্বে করণীয়

- ▶ পানির ট্যাংকে প্রয়োজনীয় পরিষ্কার পানি দিতে হবে
- ▶ ডিজেল ট্যাংকে পরিষ্কার ডিজেল দ্বারা পূর্ণ করতে হবে
- ▶ মবিল চেম্বারে সঠিক গ্রেডের মোবিল ঢালতে হবে এবং ডিপস্টিক দিয়ে মবিলের লেভেল পরীক্ষা করতে হবে
- ▶ ইঞ্জিনের গুরুত্বপূর্ণ নাট বোল্ট টাইট আছে কি না পরীক্ষা করতে হবে

খরচ ও লাভ

- ▶ আনুমানিক ব্যবহার : প্রতি বছর ১২০০ ঘণ্টা
- ▶ আনুমানিক খরচ : প্রতি বিঘায় ১১৫ টাকা
- ▶ লাভ : প্রতি বিঘা ১০০ টাকা
- ▶ মূলধন ফেরত পাওয়ার সময়: ১ বছর

সুবিধা

- ▶ ফসল মাড়াই ও ধান ভাঙানোর কাজে ব্যবহার করা যায়
- ▶ ভাড়ায় ব্যবহার করা যায়

রক্ষণাবেক্ষণ ও মেরামত

- ▶ মৌসুম শেষে যন্ত্রটিকে ভালভাবে পরিষ্কার করতে হবে
- ▶ বেল্ট খুলে নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে
- ▶ ভিজা বা স্যাঁতস্যাঁতে স্থানে না রেখে শুকনো জায়গায় মেশিনটি রাখতে হবে
- ▶ প্রয়োজনে পলিথিন দিয়ে ঢেকে রাখতে হবে

প্রাপ্তিস্থান

ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বগুড়াসহ বাংলাদেশের প্রায় সকল জেলায় ডিলারদের নিকট পাওয়ার যাবে।